

মাঝ আকাশে উড়োজাহাজের টয়লেটে আটকা পড়লেন যাত্রী

- A Monitor Desk Report

Date: 18 January, 2024



বেঙ্গালুরু: উড়োজাহাজের টয়লেটে নিয়ে আতঙ্ক আর কৌতূহল অনেকের আছে। তবে এবার সামনে এসেছে সেই টয়লেটেরই একটি ঘটনা। মাঝ আকাশে উড়োজাহাজের টয়লেটে প্রায় ঘণ্টাব্যাপী আটকা ছিলেন এক যাত্রী।

বুধবার (১৭ জানুয়ারি) সংবাদমাধ্যমের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

আন্তর্জাতিক একটি ফ্লাইটে উঠেউড়োজাহাজ উড্ডয়নের পর এক যাত্রী প্রাকৃতিক ডাকে সাড়া দিতে যান টয়লেটে। তবে কে জানতো টয়লেটের কমোডের ওপর বসেই পুরো রাস্তা পাড়ি দিতে হবে তাকে? ঘটনাটি ঘটেছে ভারতে। মুম্বাই থেকে বেঙ্গালুরুগামী উড়োজাহাজে চড়েন ওই যাত্রী। তবে ওয়াশরুম ব্যবহার করার জন্য টয়লেটের মধ্যে গিয়ে দরজা বন্ধ করার পর তা আর খুলতে পারেননি।

ভারতীয় গণমাধ্যম বলছে, উড়োজাহাজের ওই টয়লেটের দরজার তালাতে ত্রুটি থাকায় এ সমস্যার সৃষ্টি হয়। পরে প্রায় এক ঘণ্টারও বেশি সময় ধরে টয়লেটে আটকা ছিলেন তিনি।

স্পাইসজেট উড়োজাহাজের ওই ফ্লাইটের টয়লেট থেকে যাত্রী বের হওয়ার চেষ্টা করলে দেখতে পান তালা আটকে আছে। পরিস্থিতি বুঝতে পেরে উড়োজাহাজের ক্রু বাইরে থেকে দরজা খোলার চেষ্টা করলেও ব্যর্থ হন। পরে বেঙ্গালুরুতে অবতরণ করলে একজন প্রকৌশলী ডেকে দরজাটি খোলা হয়। এরপর বেরিয়ে আসেন ওই যাত্রী।

এ ঘটনায় স্পাইসজেট যাত্রীদের অসুবিধার জন্য দুঃখ প্রকাশ করে ক্ষমা চেয়েছে। পাশাপাশি ভুক্তভোগীকে তার উড়োজাহাজ ভাড়া পুরো টাকা ফেরত দেয়ার ঘোষণা দিয়েছে। এক বিবৃতিতে তারা জানিয়েছে, ১৬ জানুয়ারি একজন যাত্রী দুর্ভাগ্যবশত মুম্বাই থেকে বেঙ্গালুরু যাওয়ার স্পাইসজেট ফ্লাইটে প্রায় এক ঘণ্টার জন্য ল্যাভেটরির ভেতরে আটকে পড়েছিল। উড়োজাহাজটি মাঝ আকাশে ছিল আর দরজার তালাতে ত্রুটির কারণে তা খোলা সম্ভব হয়নি।

বিবৃত্তিতে আরও বলা হয়, যাত্রাপথের পুরো সময়জুড়ে আমাদের ক্রু যাত্রীকে সহায়তা এবং নির্দেশনা প্রদান করেছিল। বিমান ল্যান্ড করার পর একজন প্রকৌশলী ল্যান্ডেটরির দরজা খুলে দেন। এ সময় ওই যাত্রীকে তাৎক্ষণিক চিকিৎসা সহায়তা দেয়া হয়েছে।

ঘটনার পর একটি কাগজের টুকরোতে লেখা খুদেবার্তার ছবি ভাইরাল হয়েছে। অনেকের দাবি, কুরা আটকে পড়া যাত্রীর জন্য এই বার্তাটি লিখে তালাবন্ধ টয়লেটের দরজার নিচ দিয়ে দিয়েছিলেন। কাগজে লেখা আছে, বারবার চেষ্টা করেও দরজা খুলতে তারা ব্যর্থ হয়েছে এবং উড়োজাহাজটি অবতরণের সঙ্গে সঙ্গে তাকে উদ্ধার করা হবে। পাশাপাশি ওই বার্তায় যাত্রীকে আতঙ্কিত না হতে ভরসা দেয়া হয়েছে। যদিও বার্তা লেখা সম্বলিত কাগজের টুকরার সত্যতা স্বাধীনভাবে যাচাই করতে পারেনি বলেও প্রতিবেদনে জানানো হয়েছে।

-B